# উপজেলা পরিষদ

## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

### ফেব্রুয়ারি, ২০২২ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মো: গোলাম রব্বানী সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম । |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ । |
| তারিখ | ঃ | ১০ ফেব্রুয়ারি ২০২২। |
| সময় | ঃ | সকাল ১১:০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো ।

সভাপতি মোঃ গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান ।

আলোচ্য বিষয়-১

উপজেলা নির্বাহী অফিসার জনাব সুমন দাস সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান ও সকল সদস্য এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্য বিষয়-২ (বিভাগীয় কার্যাবলী আলোচনা :

উপজেলা প্রকৌশল বিভাগ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬. ১৮ . ০৪৩.১৪-১০৭, তারিখ : ১৭/১০/২০২১ অনুযায়ী ফুলবাড়ী উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের স্থানে বিভিন্ন প্রজাতির ৩৮ (আটত্রিশ)টি জীবিত গাছ নিলামে বিক্রয়ের অনুমোদন পাওয়া যায়। কিন্তু প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের স্থান পরিবর্তন হওয়ায় ১২(বার)টি জীবিত/মড়া গাছ যার প্রাক্কলিত মূল্য =৮৭,১৮০/- (সাতাশি হাজার একশত আশি) টাকা এবং হলরুম নির্মাণের স্থানে পরিত্যাক্ত স্টেজ, যার প্রাক্কলিত মূল্য ১৫,০০০/- (পনের হাজার) টাকা মাত্র নির্ধারণ করা হয়েছে। উহা প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের স্বার্থে জরুরী ভিত্তিতে নিলাম করা যেতে পারে। | ১২(বার)টি জীবিত/মড়া গাছ যার প্রাক্কলিত মূল্য =৮৭,১৮০/- (সাতাশি হাজার একশত আশি) টাকা এবং হলরুম নির্মাণের স্থানে পরিত্যাক্ত স্টেজ, যার প্রাক্কলিত মূল্য ১৫,০০০/- (পনের হাজার) টাকা মাত্র নিলামে বিক্রয়ের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রামকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, ফুলবাড়ী। |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগ কর্তৃক বাস্তবায়িত নভেম্বর ২০২১ মাসের কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন। তিনি জানান তাঁর বিভাগ কর্তৃক ১) গবাদি পশুর চিকিৎসা প্রদান করা হয়েছে ১৯৯২, ২) হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে ১০,৪৩৬, ৩) পোষা প্রাণির চিকিৎসা প্রদান ৪) গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে ২৮৬০টি, ৫) হাঁস-মুরগির টিকা প্রদান করা হয়েছে- ৩৬,৪০০টি, ৬) গবাদি পশুর কৃত্রিম প্রজনন করা হয়েছে ২৫০টি এবং ৭) সংকর জাতের বাচ্চা উৎপাদন করা হয়েছে ১০৬টি, ৮) গবাদি পশুর নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ। ২৪টি, ৯) খামারী প্রশিক্ষণ প্রদান- ৮৪ জন, ১০) উঠান বৈঠকের আয়োজন সংখ্যা-০৪টি, এবং ১১) উঠান বৈঠকে অংশগ্রহণকারী ৫০ জন। | বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশু, হাঁস-মুরগীর রোগ প্রতিরোধ টিকা প্রদান এবং যথাসময়ে চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন ও সংকরজাতের বাচ্চা উৎপাদন কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

| | | | |
|---|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। ফুলবাড়ী হাসপাতালে আউটডোর ও ইনডোরে চিকিৎসা সেবা স্বাভাবিক ভাবে চলছে। করোনা ভ্যাকসিন টিকা প্রদান অব্যাহত রয়েছে। জনগণকে টিকা নিতে উদ্বুদ্ধকরণের জন্য সকল জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি স্কুল, কলেজ ও মাদ্রাসায় হ্যান্ড স্যানিটাইজার ও সাবান ব্যবহার বৃদ্ধি করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | সভায় আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা ফুলবাড়ী হাসপাতালে চিকিৎসার মান বৃদ্ধিসহ করোনা ভাইরাসের টিকা প্রদান অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তাঁর দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত কার্যাদি পরিচালিত হচ্ছে:<br>১) ৫০% ভর্তুকীমূল্য/উন্নয়ন সহায়তার আওতায় কৃষিযন্ত্র (কম্বাইন হার্ভেস্টার, রিপার, রিপার বাইন্ডার, রাইস ট্রান্সপ্লান্টার, সিডার/বেড প্লান্টার, পাওয়ার থ্রেসার সেইজ শেলার, ড্রায়ার, পাওয়ার স্প্রেয়ার, পাওয়ার উইডার, কাম্পেস্ট ওয়াসার) যন্ত্র ক্রয়ে আগ্রহী কৃষক/কৃষাণী/কৃষক গ্রুপের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র উপজেলা কৃষি অফিসে দাখিলের আহবান জানানো হয়েছে।<br>২) বোরো আবাদের লক্ষ্যমাত্রা ৯,৯৩৯ হেক্টর। এখন পর্যন্ত অর্জন ১০১৭০ হেক্টর, যা লক্ষ্যমাত্রার চেয়ে বেশি।<br>৩) অন্যান্য ফসল, শাক-সবজি উৎপাদন পরিস্থিতি স্বাভাবিক।<br>৪) সার ও বালাইনাশকের মজুদ, সরবরাহ ও বিতরণ পরিস্থিতি স্বাভাবিক।<br>৫) অফিস ভবনের মেরামত কার্যক্রম চলমান। | কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের মাঠ পর্যায়ের কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা | অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, মাদকের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রয়েছে। করোনা ভাইরাসের প্রকোপ যাতে বাড়তে না পারে সে বিষয়ে প্রচেষ্টা অব্যাহত রয়েছে। তিনি মাদকদ্রব্য পাচার ও সেবনের বিরুদ্ধে অভিযান পরিচালনাকালে জনসাধারণকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। তিনি অপরাধীকে সনাক্ত করার স্বার্থে প্রতিটি ইউনিয়নে স্থাপিত সিসি ক্যামেরাসমূহ সচল রাখার জন্য ইউপি চেয়ারম্যান/সচিবগণকে অনুরোধ জানান। | করোনা পরিস্থিতি মোকাবেলাসহ মাদকদ্রব্য পাচার ও সেবনের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রাখার পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। ইউনিয়নে স্থাপিত সিসি ক্যামেরাসমূহ সচল রাখতে হবে। | ১) অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা।<br>২।ইউপি চেয়ারম্যান/ সচিব (সকল)। |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরো জানান, ১) স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম অব্যাহত রয়েছে। ২) মেয়াদ উত্তীর্ণ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি পুনর্গঠনের কার্যক্রম চলমান। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

| | | | |
|---|---|---|---|
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে। (ক) ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত আত্মকর্মসংস্থান রাজস্ব খাতে ৭৯২ জনকে ১,৫০,১৪,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ) ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮১২৯ জনকে ১৭৫৬৫৯০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত উত্তরবঙ্গ প্রকল্পে ৩২৯ জনকে ১০৩৫৫০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের হার সন্তোষজনক।<br>(ঘ) ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ৭৮৫৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>(ঙ) ঋণ আদায়ের হার আত্মকর্ম-৮১%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৭৪% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯২%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>তিনি আরো জানান, তাঁর কার্যালয়ের ইলেক্ট্রিক ওয়্যারিং মারাত্মক ঝুঁকিপূর্ণ। তাছাড়া অফিস ঘরের ছাউনী নষ্ট হওয়ায় সামান্য বৃষ্টি হলে পানি পড়ে অফিসের ফাইল ও রেকর্ডপত্র বিনষ্ট হচ্ছে। যা জরুরী ভিত্তিতে মেরামত/সংস্কার করা প্রয়োজন। তাছাড়া অফিসের সামনে বৈদ্যুতিক লাইট না থাকায় অফিস চুরির আশংকা রয়েছে। তিনি অফিস ঘর মেরামতসহ সামনে লাইটের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।<br>অফিস ঘরের ছাউনি/ মেরামত করতে কি পরিমাণ অর্থ ব্যয় হবে সে বিষয়ে পরবর্তী সভায় উপজেলা প্রকৌশলীর মাধ্যমে প্রাক্কলন দাখিল করতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী।<br>২। উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরের কার্যাক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। ২০২১-২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ের এ উপজেলায় নগদ ৩৯,২৩,০৭১.০১ টাকা, ৮৩.০১১ মেঃ টন চাউল ও ৮৩.০১১ মেঃ টন গমের উপ-বরাদ্দ পাওয়ার পর উক্ত বরাদ্দের বিপরীতে মোট ৩৬ টি এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ের নগদ ২৪,১৪,২৬০.৩৮ টাকার বিপরীতে ১৬ টি প্রকল্পের কাজ চলমান আছে। ২০২১-২২ অর্থ বছরে "অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান" কর্মসূচি আওতায় ১ম পর্যায়ে এ উপজেলায় ২,৩৬০ জন উপকারভোগী শ্রমিকের বিপরীতে নন ওয়েজ কষ্ট বাবদ ১৭,৩৩,৫৫৯/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের বিপরীতে ৫৪ টি ওয়েজ এবং ১২টি ওয়েজ প্রকল্পের কাজ ০৮/০১/২০২১ খ্রিঃ তারিখ হতে শুরু করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন মুজিব শতবর্ষ উপলক্ষ্যে দেশের ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ "ক" শ্রেণীর পরিবার পুনর্বাসনের লক্ষ্যে এ উপজেলায় ৩য় পর্যায়ে বরাদ্দকৃত মোট ৬২ টি গৃহ নির্মাণ কাজ নির্দিষ্ট প্রাক্কলণ ও ডিজাইন অনুযায়ী চলমান আছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ২০২১-২২ অর্থ বছরে "গ্রামীণ রাস্তায় ১৫ মিঃ দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ" শীর্ষক প্রকল্পের এ উপজেলায় ০২ টি সেতু এবং ২০২১-২২ অর্থ বছরে "গ্রামীণ মাটির রাস্তা সমুহ টেকসই করণের লক্ষে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)" প্রকল্পের ০১ টি রাস্তার কাজ চলমান আছে। | অসমাপ্ত প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

| | | | |
|---|---|---|---|
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, ২০২১-২০২২ অর্থবছরের রাজস্ব খাতে ২০ জন ও ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের আওতায় ১৮ জন ০২টি ব্যাচে মোট ৩৮ জন মৎস্য চাষীর প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। | মৎস্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ মৎস্য চাষের উপর মৎস্যজীবী ও জনসাধারণের প্রশিক্ষণ বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা ফুলবাড়ী। |
| মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন ভিজিডি, মাতৃত্বকাল ভাতা এবং আয়বর্ধক প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ ভিজিডি, মাতৃত্বকাল এবং আয়বর্ধক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী। |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>১। ১২ থেকে ১৮ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড-১৯ এর ডোজ-১ ভ্যাকসিন প্রদান কার্যক্রম ৯৯% সম্পন্ন হয়েছে এবং ডোজ-২ ভ্যাকসিন প্রদান কার্যক্রম দ্রুত গতিতে চলছে।<br>২। ১৮ বছরের উর্ধ্বে অধ্যয়নরত সকল শিক্ষার্থীরদের কোভিড-১৯ এর ডোজ-১ ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান।<br>৩। প্রতিমাসে প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-কর্মচারীর উপস্থিতি শীটে প্রতিস্বাক্ষর কার্যক্রম চলমান।<br>৪। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণি হতে দ্বাদশ পর্যন্ত Unique ID প্রদানের লক্ষ্যে শিক্ষকগণকে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।<br>৫। useofulbarikurigram ফেসবুক ID-তে (প্রতিষ্ঠানের সকল শিক্ষক) যুক্ত হওয়ার কার্যক্রম চলমান।<br>৬। প্রতিষ্ঠানের অবশ্যই ফেসবুক আইডি থাকতে হবে। প্রতিষ্ঠান প্রধানের মোবাইল সেটে imu,whats app, messenger চালু রাখতে হবে।<br>৭। অত্র উপজেলার প্রতিষ্ঠানসমূহের সকল শিক্ষকগণকে তথ্য বাতায়নের অন্তর্ভুক্তকরণ কার্যক্রম চলমান।<br>৮। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পূনরায় এ্যাসাইনমেন্ট কার্যক্রম শুরু করা হয়েছে। শিক্ষার্থী/অভিভাবকগণের মাঝে বিতরণ ও গ্রহণ স্বাস্থ্যবিধি মেনে চলমান এবং প্রতিষ্ঠানে গণসমাবেশ না করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। যা প্রতিষ্ঠান পরিদর্শনের মাধ্যমে তদারকি করা হচ্ছে।<br>৯। প্রতিষ্ঠানের নামের ই-মেইল চালু রাখা/নিয়মিত চেক করা এবং প্রত্যেক শিক্ষক, অফিস সহকারীর এনড্রোয়েড সেটে লগইন রাখা কার্যক্রম চলমান।<br>১০। শিক্ষার্থীদের মনিটরিং কার্যক্রম (অভিভাবকের সাথে শিক্ষার্থীর লেখাপড়া সম্পর্কিত আলাপচারিতা) চলমান।<br>১১। অনলাইন ভিত্তিক ক্লাশ গ্রহণ বৃদ্ধিকরণসহ অভিভাবক/শিক্ষার্থীদের মুটোফোনে খোঁজখবর নেয়া এবং তার তথ্য প্রদান কার্যক্রম চলমান। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। কোন অসুবিধা নেই। | ১। বিভাগীয় কার্যক্রমসহ বিভিন্ন ভাতা প্রদান ও ঋণদান কার্যক্রম সুষ্ঠু ও নিয়মমাফিক ভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী। ইউপি চেয়ারম্যান সকল। |

| | | | |
|---|---|---|---|
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান ফুলবাড়ী উপজেলায় খাদ্য বান্ধব ভোক্তাবৃদ্ধিকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণের জন্য অনুরোধ জানান। ফুলবাড়ী উপজেলায় ২০০০ রেশন কার্ড সরবরাহের জন্য ডিজি মহোদয়ের দৃষ্টি আকর্ষণের অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। ফুলবাড়ী উপজেলায় খাদ্য বান্ধব ভোক্তাবৃদ্ধিকরণের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং ফুলবাড়ী উপজেলার জন্য ২০০০ রেশন কার্ড সরবরাহের লক্ষ্যে ডিজি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে পত্র প্রেরণ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ। |
| সামিজক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যাবলী সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বৃক্ষরোপনের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান যে;<br>১) ২০২১-২০২২ অর্থবছরে প্রাপ্ত ০৬টি গভীর নলকূপ এর কাজ এবং ১৮টি কমিউনিটি পানির উৎসের কাজ চলমান রয়েছে।<br>০২) মুজিববর্ষ উপলক্ষে আবাসনের ঘরসমূহে ১৭টি পানির পাম্পের বরাদ্দ পাওয়া গেছে, যার কাজ শীঘ্রই শুরু হবে। | সভায় গৃহীত প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী। |
| বিবিধ | (১) সভায় মহিলা ভাইস-চেয়ারম্যান জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান এবং দুইজন ভাইস-চেয়ারম্যানের নভেম্বর ২০২১ হতে ফেব্রুয়ারি ২০২২ মাসের ভ্রমণ ব্যয় অপরিশোধিত রয়েছে। সরকারি বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণের লক্ষ্যে ভ্রমন করা হয়ে থাকে। তিনি বকেয়া ভ্রমন ব্যয়ের বিল প্রদানের জন্য অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের চেয়ারম্যান এবং দুইজন ভাইস-চেয়ারম্যানের নভেম্বর ২০২১ হতে ফেব্রুয়ারি ২০২২ মাসের ভ্রমণ ব্যয় বিল অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |
| | (২) উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিসে ব্যবহারের জন্য সিএ কাম স্টেনো এর নভেম্বর ২০২১ হতে ফেব্রুয়ারি ২০২২ মাসের মডেম খরচ বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা প্রয়োজন। | নভেম্বর ২০২১ হতে ফেব্রুয়ারি ২০২২ মাসের মডেম খরচ বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা ব্যয়ের বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |
| | (৩) ফুলবাড়ী উপজেলা পরিষদের ব্যবহৃত ফেব্রুয়ারি ২০২২ মাসের বিদ্যুৎ বাবদ ১,৪৩৫/- (এক হাজার চার পঁয়ত্রিশ) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা পরিষদের ব্যবহৃত ফেব্রুয়ারি ২০২২ মাসের বিদ্যুৎ বাবদ ১,৪৩৫/- (এক হাজার চার পঁয়ত্রিশ) টাকার বিল সর্বসম্মতিক্রমে সভয় অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| বিবিধ | (৪) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপনের ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩ (খ) অনুচ্ছেদ অনুযায়ী ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩ (খ) অনুচ্ছেদ অনুযায়ী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপনের ব্যয় নির্বাহের নিমিত্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকা ব্যয়ের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |
| | (৫) সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ফুলবাড়ী হতে বালারহাটগামী রাস্তার জকুরটলের পার্শ্বে ত্রান বিভাগ কর্তৃক নির্মিত ব্রীজের দুই মোকা অতিবৃষ্টি ও বন্যার কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে, যা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এ কাজে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ঘ) অনুচ্ছেদে বর্ণিত অপ্রত্যাশিত খাতের ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। বরাদ্দ-৫০,০০০/-<br><br>প্রকল্প বাস্তবায়ন কমিটি:<br>১) মো: মকছেদুল হক, সদস্য, ফুলবাড়ী ইউপি- প্র: চেয়ারম্যান<br>২) মো: ওবায়দুল হক, গণ্যমান্য- সদস্য-সচিব<br>৩) মো: ওসমান আলী, বীর মুক্তিযোদ্ধা- সদস্য<br>৪) মো: মিজানুর রহমান, শিক্ষক সদস্য<br>৫) মো: জাহাঙ্গীর আলম, ভিডিপি- সদস্য | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |
| | (৬) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদের নন-গেজেটেড কোয়ার্টার-১ ও ২ এর পানির পাম্প অতি পুরাতন এবং মেরামত অযোগ্য হওয়ায় ভবন ২টির জন্য ০২(দুই)টি পানির পাম্প ক্রয় করে স্থাপন করা প্রয়োজন। তিনি জানান এ কাজে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ট) অনুচ্ছেদে বর্ণিত পানির পাম্প মেরামত, রক্ষণাবেক্ষণ ও ক্রয় করা যাবে মর্মে উল্লেখ থাকায় উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে উপজেলা পরিষদের নন-গেজেটেড কোয়ার্টার-১ ও ২ এর জন্য ০২(দুই)টি নতুন পানির পাম্প ক্রয় এবং স্থাপন কাজ বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। বরাদ্দকৃত অর্থ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা।<br><br>প্রকল্প বাস্তবায়ন কমিটি:<br>১) মো: মাহাবুল হক খন্দ: সদস্য, বড়ভিটা ইউপি- প্র: চেয়ারম্যান<br>২) মো: জোবেদ আলী, গণ্যমান্য- সদস্য-সচিব<br>৩) মো: মজিবর রহমান, বীর মুক্তিযোদ্ধা- সদস্য<br>৪) মো: আ: বাতেন, ইমাম সদস্য<br>৫) মোছা: সুফিয়া বেগম, সমাজকর্মী- সদস্য | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২।উপজেলা নির্বাহী অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| বিবিধ | (৬) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদের আর,ডি-২ ভবন-১ ও ২ এর পানির পাম্প অতি পুরাতন এবং মেরামত অযোগ্য হওয়ায় ভবন ২টির জন্য ০৪(চার)টি পানির পাম্প ক্রয় করে স্থাপন করা প্রয়োজন। তিনি জানান এ কাজে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ট) অনুচ্ছেদে বর্ণিত পানির পাম্প মেরামত, রক্ষণাবেক্ষণ ও ক্রয় খাতে উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে উপজেলা পরিষদের আর,ডি-২ ভবন-১ ও ২ এর জন্য ০৪(চার)টি নতুনপানির পাম্প ক্রয় এবং স্থাপন কাজ বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। বরাদ্দকৃত অর্থ : ১,৫০,০০০/- টাকা।<br><br>প্রকল্প বাস্তবায়ন কমিটি:<br>১) মোছা: আনজুমানআরা বেগম, সদস্য, ফুলবাড়ী ইউপি- প্র: চেয়ারম্যান<br>২) মো: এলাহী বকস, গণ্যমান্য- সদস্য-সচিব<br>৩) মো: আনোয়ার হোসেন, শিক্ষক সদস্য<br>৪) মো: বাবুল হোসেন, ইমাম- সদস্য<br>৫) মো: আব্দুল মজিদ মিয়া,বীর মুক্তিযোদ্ধা- সদস্য | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২।উপজেলা নির্বাহী অফিসার। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

(মোঃ গোলাম রব্বানী সরকার)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
ফুলবাড়ী, কুড়িগ্রাম ।
**www.phulbari.kurigram.gov.bd**

তারিখ : ০২ ফাল্গুন, ১৪২৮ / ১৪ ফেব্রুয়ারি,, ২০২২

**স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০০১.২১-১১১**

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭ ।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৪। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৫। সিনিয়র সচিব/সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৬। সিনিয়র সচিব/সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৭। সিনিয়র সচিব/সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৮। সিনিয়র সচিব/সচিব, ............................................................., বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৯। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর ।
১০। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর ।
১১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম ।
১২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম ।
১৩। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম ।
১৪। উপজেলা...............................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম ।
১৫। চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম ।
১৬। জনাব................................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম ।
১৭। অফিস নথি ।

১৪/০২/২২

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম ।
ফোন : ০৫৮২৫-৫৬০০১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd

Ahmed
১৪/02/2022

| |
|---|
| শেখ হাসিনার দর্শন<br>বাংলাদেশের উন্নয়ন |

# উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২১ -৮৬ (৪০)

তারিখ ঃ ২৩ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
০৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ১০ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের ফেব্রুয়ারি ২০২২ মাসের মাসিক সভা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ০৯-০২-২০২২ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০৬/২/২২

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

০৬/০২/২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ
১) ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (বিশেষ আমন্ত্রণে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
৬) উপজেলা মৎস কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম
১৯) চেয়ারম্যান,..........................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২০) জনাব..........................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২১ ৬৮ (৪০)

তারিখ ঃ ২৩ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
০৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।

২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী,কুড়িগ্রাম।

৫। অফিস নথি।

06/02/22

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

06/02/22

# উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : ফেব্রুয়ারি, সভার তারিখ: ১০/০২/২০২২, সময় : সকাল ১১.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | ভাই-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 017464455-26 | — | |
| ৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01723647039 | fagussmc1234@gmail.com | |
| ৬ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01309426366 | hasan37dls@gmail.com | |
| ৮ | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (আমন্ত্রিত) | 01320133438 | ocfulbari@gmail.com | |
| ৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716410506 | raihanaslee98@gmail.com | |
| ১০ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722061195 | ue.fulbari.kur@lged.gov.bd | |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01932498449 | ueofulkuri@gmail.com | |
| ১২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01719-248451 | useofulbarikurigram@gmail.com | |
| ১৩ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01740313499 | usso.phulbari@gmail.com | |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717-408808 | sabujkumargupta87@gmail.com | |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01743069747 | — | ১০/২/২২ |
| ১৬ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716-415990 | upazilacoopphulbari@gmail.com | ১০/২/২০২২ |
| ১৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01720334084 | ufpofullbari12@gmail.com | |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01724-913930 | uwaofulkuri@gmail.com | ১০/২/২২ |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716036732 | | ১০/২/২২ |
| ২০ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01910826108 | hasandpi10@gmail.com | |
| ২১ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৯১১৪১৫২১১ | — | |

## উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : ফেব্রুয়ারি,   সভার তারিখ: ১০/০২/২০২২,   সময় : সকাল ১১.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01720047348 | | |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01728193366 | | |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭১৭৫৭৭১৬০ | | |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭২৭৯৬৯৮২৫ | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01734163808 | | |
| ৭ | জনাব মো: আজিজার রহমান (মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি) | 01718387045 | | ১০/২/২২ |
| ৮ | মোছা: রাহিলা খাতুন, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ | | | |
| ৯ | মোছা: আছমা খাতুন, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ | | | |